এখানে হতাশা, বিষন্নতা এবং রাগসম্পর্কিত ৩টি প্রশ্নমালা রয়েছে। প্রতিটি প্রশ্নমালার জন্য আলাদা নির্দেশনা দেয়া আছে। সকল প্রশ্নের সম্ভাব্য উত্তরও দেয়া আছে। প্রতিটি প্রশ্নের জন্য তোমার বেলায় যেই উত্তরটি প্রযোজ্য সেটাতে টিক চিহ্ন দাও। এখানে কোন ভুল বা সঠিক উত্তর নেই। দয়া করে ভালোভাবে বুঝে তোমার জন্য প্রযোজ্য সঠিক উত্তরটিতে টিক দাও। খেয়াল রেখ যেন কোন প্রশ্ন বাদ পরে না যায়। সম্পূর্ণ প্রশ্নমালাটি শেষ করতে আনুমানিক ১০ মিনিট সময় লাগবে।

এখন আমরা তোমার দুশ্চিন্তা, বিষন্নতা এবং রাগকমানোর জন্য কিছু কার্যকর উপায় শিখব এবং চর্চা করব।

ঝুঁকি ও গোপনীয়তা

এই গবেষণায় অংশগ্রহণ সম্পূর্ণ ঝুঁকিমুক্ত। গবেষণায় অংশগ্রহণের ফলে তোমার কোন প্রকার ক্ষতি হবার আশংকা নেই। বর্তমান গবেষণাটি এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের ইথিক্স কমিটি দ্বারা অনুমোদিত। গবেষণাটি একজন শিক্ষকের তত্ত্বাবধানে করা হচ্ছে। সংগৃহীত তথ্য শুধুমাত্র গবেষণার কাজে ব্যবহৃত হবে। অন্যকোন প্রতিষ্ঠান বা ব্যক্তির ব্যবহার করার জন্য এই তথ্য শেয়ার করা হবে না। এছাড়াও কারো ব্যক্তিগত নাম, পরিচয়, ঠিকানা সংগ্রহ করা হবে না। সম্মতি ছাড়া তোমার কোন তথ্য নেয়া হবে না এবং তুমি চাইলে যেকোন সময় এই গবেষণা থেকে নিজেকে প্রত্যাহার করে নিতে পারবেন। সেক্ষেত্রে তোমার সকল তথ্য ডাটাবেস থেকে মুছে দেয়া হবে।

সম্মতি পত্র

সকল তথ্য ও গবেষণার বিষয়বস্তু ভালোভাবে পড়েছি। এই গবেষণার অংশগ্রহণ করার সদয় সম্মতি দিচ্ছি।

স্বাক্ষর ও তারিখ

জীবনবৃত্তান্ত

বয়স	
লিঙ্গ	1) ছাত্র 2) ছাত্রী
শ্রেণী	

Beck Anxiety Inventory for Youth (BAI-Y)

নিচের তালিকায় মানুষের ক্ষেত্রে ঘটে থাকে এবং যা মানুষ ভাবে বা অনুভব করে এরকম বিবরণ রয়েছে। মনোযোগ সহকারে প্রতিটি বাক্য পড় এবং 'কখনও না', 'মাঝে মাঝে', 'প্রায়ই অথবা 'সবসময়' এই চারটি বিকল্পের যেটি তোমার (বিশেষ করে গত ২ সপ্তাহের) বেলায় সবচেয়ে বেশী প্রযোজ্য বলে মনে কর কেবল এমন ঘরেই "টিক" চিহ্ন দিবে। এখানে কোন সঠিক/ভুল উত্তর নেই।

ক্রমিক নং	বিবরণ	কখনও না	মাঝেমাঝে	প্রায়ই	সবসময়
1.	আমার ভয় লাগে যে স্কুলে আমাকে কেউ কষ্ট দিতে				
2.	আমি ভয়ের স্বপ্ন দেখি।				
3.	যখন আমি স্কুলে থাকি, আমার ভয় লাগে।				
4.	ভয়ের বিষয়গুলো আমাকে তাড়া করে বেড়ায়।				
5.	অন্যরা আমাকে নিয়ে হাসি-তামাশা করতে পারে ভেবে আমি দুশ্চিন্তা করি।				
6.	আমি কোন ভুল করব ভেবে ভয়ে থাকি।				
7.	আমি সহজেই ঘাবড়ে যাই।				
8.	আমি ভয়ে থাকি যে অন্যদের কাছ থেকে কষ্ট পেতে পারি।				
9.	আমার দুশ্চিন্তা হয় যে পরীক্ষার ফলাফল খারাপ হতে পারে।				
10.	আমার ভবিষ্যত নিয়ে আমি চিন্তিত।				
11.	আমার হাত কাঁপে।				
12.	আমি ক্ষিপ্ত হতে বা পাগলামি করতে পারি ভেবে দুশ্চিন্তা হয়।				
13.	অন্যরা আমার উপর ক্ষিপ্ত হতে পারে ভেবে দুশ্চিন্তা হয়।				
14.	নিজেকে সংযত রাখতে পারব না ভেবে আমি দুশ্চিন্তা করি।				
15.	আমার খুব দুশ্চিন্তা হয়।				
16.	আমার ঘুমের সমস্যা হয়।				
17.	আমার বুক ধড়ফড় করে।				
18.	আমার অস্থির লাগে।				
19.	খারাপ কিছু ঘটতে পারে ভেবে আমার ভয় হয়।				
20.	আমার ভয় হয় যে আমি অসুস্থ হয়ে যেতে পারি।				

Beck Depression Inventory for Youth (BDI-Y)

নিচের তালিকায় মানুষের ক্ষেত্রে ঘটে থাকে এবং যা মানুষ ভাবে বা অনুভব করে এরকম বিবরণ রয়েছে। মনোযোগ সহকারে প্রতিটি বাক্য পড় এবং 'কখনও না', 'মাবো মাবো', 'প্রায়ই অথবা 'সবসময়' এই চারটি বিকল্পের যেটি তোমার (বিশেষ করে গত ২ সপ্তাহের) বেলায় সবচেয়ে বেশী প্রযোজ্য বলে মনে কর কেবল এমন ঘরেই "টিক" চিহ্ন দিবে। এখানে কোন সঠিক/ভুল উত্তর নেই।

ক্রমিক নং	বিবরণ	কখনও না	মাবোমাবো	প্রায়ই	সবসময়
21.	আমি মনে করি আমার জীবনটা খারাপ।				
22.	কাজ করতে আমার অসুবিধা হয়।				
23.	নিজেকে একজন খারাপ মানুষ মনে হয়।				
24.	আমি যদি মরে যেতে পারতাম।				
25.	আমার ঠিকমত ঘুম হয় না।				
26.	আমার মনে হয় কেউই আমাকে ভালোবাসেনা।				
27.	আমার মনে হয় খারাপ কিছু আমার কারণেই ঘটে ।				
28.	আমার একা একা লাগে।				
29.	আমার পেটে অস্বস্তি লাগে।				
30.	আমার মনে হয় আমারই কপাল খারাপ।				
31.	নিজেকে আমার অপদার্থ মনে হয়।				
32.	নিজের জন্য আমার দুঃখ লাগে।				
33.	আমার মনে হয় আমি আমার কাজগুলো বাজেভাবে করি।				
34.	আমি যা করি তার জন্য আমার খারাপ লাগে।				
35.	নিজেকে আমি ঘৃণা করি।				
36.	আমি একা থাকতে চাই।				
37.	আমার কান্না পায়।				
38.	আমি বিষণ্ণ বোধ করি।				
39.	আমি আমার মধ্যে শূন্যতা অনুভব করি।				
40.	আমার মনে হয় আমার জীবনটা ভালো যাবে না।				

Beck Anger Inventory for Youth (BANI-Y)

নিচের তালিকায় মানুষের ক্ষেত্রে ঘটে থাকে এবং যা মানুষ ভাবে বা অনুভব করে এরকম বিবরণ রয়েছে। মনোযোগ সহকারে প্রতিটি বাক্য পড় এবং 'কখনও না', 'মাঝে মাঝে', 'প্রায়ই অথবা 'সবসময়' এই চারটি বিকল্পের যেটি তোমার বেলায় সবচেয়ে বেশী প্রযোজ্য বলে মনে কর কেবল এমন ঘরেই "টিক" চিহ্ন দিবে। এখানে কোন সঠিক/ভুল উত্তর

ক্রমিক নং	বিবরণ	কখনও না	মাঝে মাঝে	প্রায়ই	সবসময়
৬১.	আমার মনে হয় অন্যরা আমাকে ঠকানোর চেষ্টা করে।				
৬২.	রাগে আমার চিৎকার করতে ইচ্ছা করে।				
৬৩.	আমার মনে হয় অন্যরা আমার প্রতি অন্যায্য আচরণ করে।				
৬৪.	আমার মনে হয় অন্যরা আমাকে কষ্ট দিতে চেষ্টা করে।				
৬৫.	আমার মনে হয় আমার জীবন সুন্দর না।				
৬৬.	অন্যরা আমাকে উত্ত্যক্ত করে।				
৬৭.	অন্যরা আমাকে পাগল করে তোলে।				

নেই।

৬৮.	আমার মনে হয় অন্যরা আমাকে জ্বালাতন করে ।				
৬৯.	অন্যদের উপর আমি ভীষণ রেগে যাই ।				
৭০.	রেগে গেলে আমি রেগেই থাকি ।				
৭১.	রেগে গেলে তা দমন করতে আমার অসুবিধা হয় ।				
৭২.	আমার মনে হয় অন্যরা আমার উপর মাতব্বরির করতে চেষ্টা করে।				
৭৩.	আমার মনে হয় অন্যরা আমাকে হেয় করার চেষ্টা করে ।				
৭৪.	নিজেকে আমার তুচ্ছ মনে হয় ।				
৭৫.	রাগে আমার ফেটে যেতে ইচ্ছা হয় ।				
৭৬.	আমার মনে হয় অন্যরা আমার বিপক্ষে ।				
৭৭.	আমি রেগে যাই ।				
৭৮.	রেগে গেলে শরীরের ভেতর আমার আগুন ধরে যাই ।				
৭৯.	আমি অন্যদের ঘৃণা করে ।				
৮০.	আমি প্রচন্ড রেগে যাই ।				

শিশুর সুন্দর মনের সৃজনশীলতা

মীর আয়েশা আক্তার



থেরাপির ক্ষেত্রে সৃজনশীলতার ব্যবহার একটি আধুনিক প্রক্রিয়া যদিও সৃষ্টির শুরু থেকেই মানুষ সৃজনশীলতার মাধ্যমে সভ্যতার বিকাশ সাধন করেছে। মনোবিজ্ঞান মানুষের আচরণ, চিন্তা, অনুভূতি নিয়ে কাজ করে। মানুষ তার চিন্তা যেমন কথা, আচরণের মাধ্যমে প্রকাশ করতে পারে সৃজনশীল কাজের মধ্যেও তা প্রকাশ করতে পার। যেখানে 'কথা বলার চিকিৎসা' কখনও কখনও খুব চ্যালেঞ্জের মনে হয়, সেখানে শিল্পের মাধ্যমে কাজ করা এবং আচরণকে একটি নতুন মাত্রা দেয়া খুব সহজ হয়। সৃজনশীল থেরাপির মাধ্যমে একটি ছবি,



একটু অভিনয় মানুষের ভেতরের না বলা কষ্ট, অনুভূতিকে খুব সহজে প্রকাশ করে দিতে পারে। এখানে কোনও অনুভূতি জানাতে সঠিক শব্দগুলি খুঁজে পাওয়ার জন্য কোনও চাপ নেই এবং কঠিন বা বেদনাদায়ক অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিতভাবে কথা বলারও দরকার নেই - একটি চিত্র ক্লায়েন্টের মনের 'কথা বলতে পারে'।

শিশুদের ক্ষেত্রে সৃজনশীল কাজের মাধ্যমে থেরাপি পরিচালনা করা তুলনামূলকভাবে সহজ কারণ শিশুরা তাদের সব অনুভূতি, সমস্যা কোথায় প্রকাশ করতে সক্ষম হয় না, আবার অপরিচিত থেরাপিস্টের সাথে সব কিছু বলতেও চায়না।



এক্ষেত্রে থেরাপিস্ট বিভিন্ন খেলা, ছবি আকার মাধ্যমে শিশুর সাথে একটা সুন্দর বন্ধুত্বপূর্ণ সম্পর্ক তৈরী করতে পারে আবার শিশুর মনের না বলা কথা, সমস্যাগুলো সম্পর্কে পরিষ্কার ভাবে জানতে পারে অথবা কিছুটা ইঙ্গিত পেতে পারে। থেরাপির কঠিন কঠিন কাজগুলো যখন শিশুর সাথে মজা করে গল্পের ছলে, খেলার মাধ্যমে করা হয় তখন শিশুও সেগুলো বারে বারে করতে আগ্রহী হয় যা সত্যিকার অর্থে তার জীবনের সমস্যাগুলোকে নতুন ভাবে দেখতে তাকে সাহায্য করে।



সৃজনশীল থেরাপি মূলত ছবি আঁকা, গল্প করা, খেলা করা, অর্থপূর্ণ কিছু বানানো এবং বিভিন্ন মজার কাজের মাধ্যমে করা হয়। প্রতিটি মানুষের মধ্যেই সৃজনশীলতা থাকে, থেরাপিটি শুধু গুণটিকে কাজে লাগিয়ে মানুষের ভেতরের কথা বাস্তবে ফুটিয়ে তোলে এবং কিভাবে সে তার সমস্যাগুলো সমাধান করতে পারে সেজন্য ব্যক্তিকে উৎসাহিত করে।

এই থেরাপিতে কাজ করার জন্য খুব অভিজ্ঞ শিল্পী, চিত্রকার হওয়ার দরকার হয়না, সাধারণ ভাবে মানুষ তার সৃজনশীলতার প্রকাশ করেই থেরাপির



কাজগুলো করতে পারে, তবে এখানে থেরাপিস্টের অভিজ্ঞতা এবং দক্ষতা খুব জরুরি কারণ কোনো কাজের মাধ্যমে যদি ক্লায়েন্টের কোনো

মানসিক সমস্যা অতিরিক্ত হয় সেক্ষেত্রে থেরাপিস্টের অবশ্যই সে অবস্থা নিয়ন্ত্রণ করার দক্ষতা থাকতে হবে। তাই থেরাপি কাজ শুরু করার পূর্বে থেরাপিস্টকে যথেষ্ট সতর্কতা অবলম্বন করতে হবে এবং অবশ্যই অভিজ্ঞ ব্যক্তির কাছে সুপারভিশন নিতে হবে।

এখানে কিছু কাজকে বাংলায় সহজভাবে ভাবার্থে রূপান্তর করা হয়েছে কাজের সুবিধার্থে যাতে পেশাগত মনোবিজ্ঞানীরা সহজে শিশুদের সাথে কাজগুলো করতে পারে। সবগুলো কাজই ইংলিশ থেকে বাংলা করে শিশুদের শুনিয়ে এবং যারা শিশুদের সাথে কাজ করে তাদের মতামত নিয়ে তৈরী করা হয়েছে। প্রতিটি কাজই একটা বা দুইটা সেশনে শেষ করা সম্ভব এবং কাজের নির্দেশনাগুলো শিশুদের বাবা-মাকে বুঝিয়ে দিলে তারাও বাসায় শিশুদের সাথে মজা করে কাজগুলো করতে পারবে যা থেরাপির ক্ষেত্রে কার্যকর হবে, সেক্ষেত্রে অবশ্যই মা-বাবাদের থেরাপিস্টের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।

"শিশুর সুন্দর মনের সৃজনশীলতা" আমার ছোট একটা প্রয়াস। শিশুদের সাথে আরো সহজে কাজ করার জন্য যাতে আজকের শিশু ভবিষ্যতের সুন্দর মনের মানুষ হয়ে গড়ে উঠতে পারে যা আমাদের সুখী ভবিষ্যতের জন্য আবশ্যিক।

আমার পৃথিবী

বয়স: চার থেকে এগারো বছর

লক্ষ্য

শিশু যেন নিজের সম্পর্কে ইতিবাচক কথা বলতে পারে বা ভাবতে পারে সেই লক্ষ্যে এখানে কাজ করা হবে, আবেগিও সমস্যার মুখোমুখি হওয়ার আগেই শিশু যেন নিজের সম্পর্কে ইতিবাচক ধারণা তৈরী করতে পারে।

উপকরণ

- A3 বা A4 কাগজ
- রং পেন্সিল বা কলম
- একটি গোলাকার প্লেট



কার্যক্রিয়া

অধিকাংশ ক্ষেত্রে সাত বছর বা তার বেশি বয়সের শিশুরা সহজেই এই কাজটি করতে পারবে, সাত বছরের ছোট শিশুদের জন্য "ব্যতিক্রম" কাজটি বেশি উপযোগী হবে। শিশুর নিজের জগৎ সম্পর্কে জানতে "আমার পৃথিবী" কাজটি আমাদের সাহায্য করবে। কি ভাবে তারা "আমার পৃথিবী" আঁকবে শুরুতেই শিশুকে সেই সম্পর্কে বিশদ ধারণা দিতে হবে। এরপর যখন মনে হবে শিশু স্বচ্ছন্দে আমার পৃথিবী কাজটি করতে পারবে তখন একটি সাদা কাগজের শুরুতে নিজের নাম দিয়ে একটি শিরোনাম লিখবে।

উদাহরণস্বরূপ : "শিশুর নাম যদি হয় রিয়ানা তাহলে লিখবে "রিয়ানার নিজের জগৎ", এরপর রিয়ানা পৃথিবীর মতো গোল দেখতে একটি বৃত্ত আঁকবে, এর চারপাশে সে চাঁদ, গ্রহ, নক্ষত্র, রকেট আঁকতে পারে। কেমন করে রিয়ানা তার পৃথিবী আঁকবে তা নিয়ে রিয়ানার সাথে গল্প করা যাবে। যেমন যেই মানুষগুলোকে সে পছন্দ করে, যাদের সাথে থাকতে, খেলতে, সময় কাটাতে ভালোবাসে, যেসব খেলা বা কাজ করতে পছন্দ করে, এমনিভাবে তার আরোও পছন্দ ভালোলাগা সম্পর্কে জানতে চাওয়া হবে। গল্পের ছলে ছোট ছোট প্রশ্ন করে রিয়ানার ভালোলাগা সম্পর্কে জানার চেষ্টা করা হবে, এতে করে রিয়ানা তার নিজের পছন্দগুলো বলতে আরো উৎসাহিত হবে। প্রথম পর্যায়ের এই কাজে চেষ্টা করা হবে রিয়ানা যেন তার নিজের সম্পর্কে ইতিবাচক কথা গুলো বেশি বলে। যেসব প্রশ্ন করা যেতে পারে সেরকম কিছু উদাহরণ নীচে দেয়া হলো।

- তুমি কি খেতে পছন্দ করো?
- তোমার সবচেয়ে পছন্দের বন্ধু কে?
- তোমার পছন্দের খেলা কি?
- কোন প্রাণী কে তুমি বেশি পছন্দ করো?
- বাসার কোন কাজটা করতে ভালো লাগে?
- তোমার পছন্দের পোশাক কি?
- টিভির কোন অনুষ্ঠান দেখতে পছন্দ করো?
- কোথায় বেড়াতে তোমার বেশি ভালো লাগে?
- তোমাকে সবচেয়ে বেশি কে আদর করে?

শিশুর পছন্দের সাথে মিলিয়ে প্রশ্নের মাধ্যমে শিশু সম্পর্কে জানতে চাওয়া হবে। উদাহরণস্বরূপ : রিয়ানা যদি বলে তার ফুটবল খেলা পছন্দ তাহলে তার পছন্দের টীম, পছন্দের খেলোয়াড় সম্পর্কে জানতে চাওয়া হবে। রিয়ানা যখন উত্তর দিবে তখন তা তার পৃথিবীতে লিখতে বলি। রিয়ানা তার পছন্দ গুলোর চারপাশে দ্বীপের মতো করে আঁকবে, এক্ষেত্রে থেরাপিস্ট শিশু কে আঁকতে এবং লিখতে সাহায্য করবে। এরপর শিশু চাইলে ছবি টি কে আরো রঙিন করতে পারে, যেমন : সমুদ্রের নীল রং করতে পারে, দ্বীপগুলোকে আরো সাজাতে পারে। এরপর ছবি টি নিয়ে থেরাপিস্ট শিশুর সাথে আরো আলোচনা করবে যে দ্বীপগুলো আলাদা আলাদা হলেও সবগুলো মিলিয়েই তার পুরো পৃথিবী। এই পৃথিবীটা সম্পূর্ণই তার নিজস্ব একটা জগৎ। উদাহরণস্বরূপ এখানে সাত বছরের রিয়ানার আঁকা পৃথিবীর দিকে তাকাই। একটি সেশনে সে শুধু তার পাঁচটি পছন্দের কথা লিখে পাঁচটি দ্বীপ আঁকতে পেরেছে।

এখানেও থেরাপিস্ট ছোট ছোট প্রশ্নের মাধ্যমে শিশুকে সাহায্য করতে পারে। যেমন: রিয়ানা ছোট ফুপিকে পছন্দ করে। এক্ষেত্রে ছোট ফুপিকে কেন পছন্দ করে থেরাপিস্ট তা জিজ্ঞাসা করেছিল, রিয়ানা বলেছিলো, ফুপি তার সাথে অনেক খেলা করে। যখন জিজ্ঞাসা করা হলো কি খেলা করে তখন সে উত্তর দিলো ফুটবল, লুকোচুরি, রং করা, অনেক খেলা যেগুলোতে সে খুব মজা পায়, উত্তর বলার সময় রিয়ানা খুব আনন্দিত ও খুশি ছিল যা তার ভালোলাগা ও আনন্দের বহিঃপ্রকাশ ছিল।

"আমার পৃথিবী" কাজটির মাধ্যমে শিশুর ছবি আঁকার প্রতি আগ্রহ, দক্ষতা, কাজের প্রতি মনোযোগ ধরে রাখা, কল্পনাশক্তি, এমনি আরো অনেক তথ্য শিশুর সম্পর্কে জানা যাবে। মোট কথা থেরাপিস্ট শিশুর সম্পর্কে একসাথে অনেক তথ্য জানতে পারবে এবং শিশুকে তার নিজের পছন্দ, শিশু তার নিজস্বতা সম্পর্কে আরো সচেতন হবে।

ব্যতিক্রম

সাত বছরের ছোট বয়সের শিশু অথবা যে শিশুদের সহজেই কিছু বুঝতে কষ্ট হয় তাদের ক্ষেত্রে "আমার পৃথিবী" কাজটি উল্লেখিত ভাবে না করে একটু ভিন্ন ভাবে করতে হবে, এক্ষেত্রে শিশু A4 কাগজের মাঝখানে তারমতোই দেখতে একটা মানুষের ছবি আঁকবে, যে শিশুটির মতোই জামা পরবে, চুল বাধবে, সাজবে এবং কাগজের উপরে লিখবে "আমার নাম" (যদি শিশু ছবিটি আঁকতে না পারে সে ক্ষেত্রে থেরাপিস্ট শিশুকে সাহায্য করবে)। এরপর শিশু তার ছবির চারপাশে তার পছন্দগুলো লিখবে, এক্ষেত্রেও "আমার পৃথিবী" কাজের মতোই শিশু কে ছোট এবং সহজ প্রশ্ন করে তাকে সাহায্য করা যাবে। এখানে অবশ্যই লক্ষ্য রাখতে হবে শিশু যেন তার পছন্দ, ভালোলাগা, মজার কাজ/খেলা (ইতিবাচক/আনন্দদায়ক) বেশি বেশি লিখে রাখে। যে শিশুরা নিজের সম্পর্কে নেতিবাচক ধারণা (যেমন: আমি কিছু পারি না, আমি খারাপ ছেলে/মেয়ে, আমি দুষ্ট, শুধু পচা কাজ করি) বেশি পোষণ করে তারা যেন নিজেদের ভালো দিকগুলো বেশি বেশি খুঁজে পেতে পারে সে জন্য তাকে সাহায্য করার লক্ষ্যে এই কাজটি করা হবে।

কেন আমি কাজটি করি

বয়স: পাঁচ বছর এবং তদূর্ধ্ব

লক্ষ্য

শিশু কিভাবে তার বিভিন্ন আচরণের পিছনের কারণ খুঁজে বের করতে পারে সেই লক্ষ্যে এই পদ্ধতিটি ব্যবহার করা যেতে পারে। শিশুর সততা প্রকাশকে উৎসাহিত করাও এই কাজটির একটি উদ্দেশ্য। অনেক শিশুই নিজেকে দুষ্ট হিসাবে চিন্তা করে যার ফলে সে অনেক বিষয় নিয়ে কথা বলতে পারেনা, ভাবতে পারেনা। এই কাজটির মাধ্যমে সে কিভাবে বিষয়গুলো নিয়ে কথা বলবে, চিন্তা করবে তা শিশুকে শিখানো যাবে। থেরাপিস্ট এখানে বুঝতে পারবে কিভাবে তার থেরাপির লক্ষ্য নির্ধারিত হবে।

উপকরণ

- A4 কাগজ
- রং পেন্সিল বা কলম
- ভিন্নতার কাজটির জন্য ২টা আঠালাগানোকর্ড এবং চিকন কার্ড



কার্যপ্রক্রিয়া

একটি নির্দিষ্ট আচরণের পেছনে সম্ভাব্য যেসব কারণ থাকতে পারে সেগুলোর একটা তালিকা করতে হবে, কারণগুলো খুব যৌক্তিক, গ্রহণযোগ্য নাও হতে পারে (উদাহরণ হিসেবে একটি শিশু কি কি কারণে বিছানা ভেজায় তার দিকে লক্ষ্য করি)। খুব সতর্কতার সাথে প্রতিটা কারণ নিয়ে শিশুর সাথে কথা বলতে হবে। এরপর শিশু আবার প্রতিটা কারণ থেরাপিস্টকে ব্যাখ্যা করবে। এরপর শিশু বলবে কোন কোন কারণগুলো তার ক্ষেত্রে প্রযোজ্য সেগুলোকে চিহ্নিত করতে গোলাকার চিহ্ন দিতে হবে আর যেগুলো শিশু না বলবে সেগুলোকে কেটে দিতে হবে। কাগজে কিছুটা খালি অংশ রাখতে হবে যেখানে শিশু চাইলে অন্য আরো কিছু কারণ লিখতে পারে।

শিশু তার আচরণের কারণগুলো নিয়ে থেরাপিস্টের সাথে কথা বলতে পারায় অবশ্যই তাকে প্রশংসা করতে হবে যাতে সে আরো উৎসাহ পায় এবং কারণগুলো নিয়ে চিন্তা করে।

আমি কেন বিছানা ভিজাই

- যতক্ষণ পর্যন্ত আমার ঘুম না ভাঙে আমি বুঝতে পারিনা আমি বিছানা ভিজিয়েছি
- আমি খেলায় এতই ব্যস্ত থাকি যে ঘুমাতে যাওয়ার আগে বাথরুম এ যাওয়ার কথা মনে থাকে না।
- রাত এ আমি একা বাথরুম এ যেতে ভয় পাই।
- বাথরুম এ কোনো আলো থাকে না এবং অন্ধকারে আমি ভয় পাই।
- আমার মনে হয় বিছানায় আমি সাঁতার কাটতে পারি, এটা আমার ভালো লাগে।
- আমি সমস্যায় পরতে পছন্দ করি।
- একবার ভেজাতে শুরু করলে আমি থামতে পারি না।
- আমি কাজটি শুধু তখন-ই করি যখন কেউ আমার ঘরে আসে।
- মধ্যরাত এ মা আমাকে গোসল করলে ভালো লাগে।

ব্যতিক্রম

কারণগুলোকে কার্ড-এ লিখি

চিকন ছোট কার্ড এ সবগুলো কারণ লিখে সেগুলোকে কেটে পোস্টকার্ড র মতো বানাতে হবে। ২টা পোস্ট বাক্স বানিয়ে ১টা বাক্স এ "না,আমার ক্ষেত্রে প্রযোজ্য না" এবং অন্যটায় "হ্যাঁ, আমার ক্ষেত্রে প্রযোজ্য" লিখতে হবে, শিশু যে বাক্যটি নিজের জন্য ঠিক মনে করবে সেই কার্ডটি "হ্যাঁ, আমার ক্ষেত্রে প্রযোজ্য" বাক্স-এ রাখবে আর যেই কারণগুলো তার ক্ষেত্রে প্রযোজ্য হবে না সেগুলো "না,আমার ক্ষেত্রে প্রযোজ্য না" বাক্স-এ রাখবে। তারপর "হ্যাঁ, আমার ক্ষেত্রে প্রযোজ্য" বাক্স-র কার্ডগুলো বের করে সেগুলো বেশি প্রযোজ্য থেকে কম প্রযোজ্য হিসাবে সাজাতে হবে। এক্ষেত্রে শিশু তার আচরণের কারণ হিসাবে যেটাকে প্রধান হিসাবে চিহ্নিত করবে সেটা প্রথমে থাকবে।

আনন্দ, দুঃখ, রাগ

বয়স: পাঁচ থেকে চৌদ্দ বছর

লক্ষ্য

শিশুকে তার ভালো লাগা,খারাপ লাগার অনুভূতিগুলোর সম্পর্কে জানানো, যেকোনো একটি ঘটনায় শিশু আনন্দ,দুঃখ, কষ্ট, রাগ যেকোনো অনুভূতি পেতে পারে। আবেগিও অনুভূতির গুরুত্বের বিষয়টি কিভাবে শিশু সরাসরি না বলেও প্রকাশ করতে পারে এই পদ্ধতিতে তা শিশুকে শিখানো যেতে পারে।এতে করে শিশু তার আবেগীয়ীও অনুভূতি নিয়ে কথা বলার ব্যাপারে উৎসাহিত হবে এবং এর গুরুত্ব সম্পর্কে কিছুটা সচেতন হবে।থেরাপিস্টের সাথে সরাসরি কথা না বলেও শিশু তার অনুভূতিগুলোর প্রকাশ করতে পারবে।

উপকরণ

রঙিন কলম এবং কাগজ

কার্যপ্রক্রিয়া

ছোট শিশুকে (যাদের বয়স ৫ বা ৬) জিজ্ঞাসা করা যেতে পারে অথবা যে শিশুরা ইতিমধ্যে ছবি আঁকতে আগ্রহ প্রকাশ করেছে/মজা পেয়েছে তাদের ক্ষেত্রে এই কাজটি করা যেতে পারে।তারা একটি সাদা কাগজে আনন্দ, দুঃখ, রাগ নাম এ তিনটি মুখের ছবি আঁকবে। ছবি গুলো যেন খুব বড় না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে এবং কাগজে লেখার জন্য যেন যথেষ্ট জায়গা বাকি থাকে সেদিকে খেয়াল রাখতে হবে।লেখাগুলো ছবির উপরে বা নিচে যে কোনো জায়গায় হতে পারে। ছবিগুলো কাগজের একপাশে আঁকা শেষ হলে ছবিগুলোর সাথে সংযুক্ত রেখে বিভিন্ন আকৃতি অথবা চিন্তার বেলুন আঁকতে হবে (উদাহরণ-এ দেখি)। এরপর শিশুকে জিজ্ঞাসা করা যেতে পারে কোন কাজ/খেলা তাকে আনন্দিত করে, ছোট শিশুকে জিজ্ঞাসা করা যেতে পারে "যখন তুমি খুশি হও তখন কি মনে পরে/কখন তুমি বেশি খুশি হও? " এমন কথার মাধ্যমে শিশুকে তার অনুভূতি প্রকাশের জন্য উৎসাহিত করতে হবে। একটু বেশি বয়সের শিশুদের জন্য প্রশ্ন করা যেতে পারে "কখন তুমি আনন্দিত হও?" ইতিবাচক অনুভূতির (আনন্দ, খুশি) মাধ্যমে কাজটি শুরু করতে হবে এবং শিশু যে উদাহরণগুলো দিবে প্রতিটা নিয়ে আলোচনা করতে হবে। যদি শিশু কোনো নেতিবাচক অনুভূতি নিয়ে কথা বলে/আলোচনা করে তাহলে শিশুকে ইতিবাচক অনুভূতির কথা মনে করিয়ে দিতে হবে। চেষ্টা করতে হবে কাজটি যেন ইতিবাচক অনুভূতি দিয়ে শেষ হয়। উদাহরণস্বরূপ :৬ বছরের শিশু সায়েমর বাবা-মার ডিভোর্স হওয়ার পর তার বাবা তাদের বাসায় খুব কমই আসে, তাদের সাথে খুব কমই সময় কাটায়, বড় ভাইর সাথেও সচরাচর ঝগড়া হয়, এগুলো সায়েমকে কষ্ট দেয়। তার আঁকা ছবিটা দেখলে উদাহরণগুলো আরো পরিষ্কার বুঝা যাচ্ছে।

ব্যতিক্রম

খুশি, চিন্তিত, দ্বিধামিত

যে শিশুরা উদ্বিগ্নতায় ভুগে তাদের ক্ষেত্রে চিন্তিত, অসসস্তি, দ্বিধামিত এই ধরনের অনুভূতিগুলো নিয়ে কাজ করা যেতে পারে কিন্তু চারটার বেশি অনুভূতি নিয়ে একসাথে কাজ করা যাবে না এবং অবশ্যই একটা ইতিবাচক অনুভূতি হতে হবে।

বাক্য পূরণ

বয়স: চার বছর এবং তদূর্ধ্ব

লক্ষ্য

কোনো নির্দিষ্ট বিষয়ে শিশু কিভাবে চিন্তা করে তা বুঝতে/নির্ণয় করতে এই প্রক্রিয়াটি ব্যবহার করা হয়। শিশু যেন একটি নির্দিষ্ট বিষয়ে তার চিন্তা বিশদভাবে/বিস্তারিতভাবে প্রকাশ করে সেজন্য শিশুকে উৎসাহ দিতে এই পদ্ধতি বা কাজটি ব্যবহার করা যাবে।

উপকরণ

- A4 কাগজ
- রং পেন্সিল/কলম
- নোট বই/ ছোট ডাইরি (খেলা কাগজ ব্যবহার না করা ভালো)

কার্যপ্রক্রিয়া

যে শিশুরা খুব লাজুক, চোখে চোখে তাকাতে অস্বস্তি অনুভব করে তাদের ক্ষেত্রে "বাক্য পূরণ " কাজটি বেশি উপযোগী। মজার মজার বিভিন্ন খেলার মাধ্যমে এমন একটি পরিবেশ তৈরী করতে হবে যাতে শিশু থেরাপিস্টের সাথে থাকতে / কাজ করতে পছন্দ করে। শিশু কিছুটা সহজ হয়ে গেলে "বাক্য পূরণ" কাজটি শুরু করতে হবে, কাজের শুরুতেই শিশু তার পছন্দ মতো রং পেন্সিল/কলম পছন্দ করবে, এরপর থেরাপিস্ট বাক্যের শুরুটা লিখবে তারপর শিশু বাক্যটি মুখে বলে অথবা লিখে শেষ করতে পারবে, বাক্যটি অবশ্যই শিশুর বয়স উপযোগী, সহজে বোধগম্য হবে, যেমন: সাত বছরের শিশুর ক্ষেত্রে বাক্যটি হতে পারে "এমন একটি খেলার নাম বলো/লেখো যা খেলতে তোমার খুব মজা লাগে-....."। তারপর বাক্যগুলো শিশুর পছন্দের বিষয়ে আরো বিস্তারিত হবে যাতে তার পছন্দগুলো সে অনায়সে বলতে/লিখতে পারে। এক্ষেত্রে শিশু যেন তার পছন্দগুলো সম্পর্কে চিন্তা করে সেজন্য তাকে উৎসাহিত করতে হবে, যেমন: শিশু যদি বলে বরফ-পানি খেলা তার পছন্দ তাহলে পরের বাক্য হতে পারে যার..... সাথে খেলতে বেশি ভালো লাগে, যখন..... খেললে বেশি মজা হয়। খালি জায়গায় শিশু তার বন্ধুর নাম লিখবে, বিকালে/সকালে/রাতে খেলতে তার বেশি ভালো লাগে তা সে বলে বা লিখে প্রকাশ করবে।

বাক্য পূরণের সময় শিশুর শারীরিক অঙ্গভঙ্গিও খেয়াল করতে হবে। কোনো বাক্য বলা বা লেখার সময় যদি শিশু আড়ষ্ট হয়ে যায় তখন সহজ এবং শিশুর পছন্দনীয় বিষয়ে কথা বলে শিশুকে শান্ত হওয়ার সুযোগ করে দিতে হবে। থেরাপিস্টকে অবশ্যই শিশুর বাক্য পূরণের গতির দিকে লক্ষ্য করতে হবে এবং মনে রাখতে হবে যে বাক্যটি যেন আনন্দদায়ক শব্দের মাধ্যমে শেষ হয় শিশুর যেসব বিষয়ে থেরাপিস্টের আরো বেশি তথ্য দরকার সেগুলো নিয়ে শিশুর সাথে আরো কথা বলতে হবে।

ব্যতিক্রম

আমার মতোই একজন

একটু ভিন্ন ভাবে বাক্যপূরণ কাজটি একটি বই-এ অন্তর্ভুক্ত করা যেতে পারে, যা শিশু এবং থেরাপিস্ট একত্রে তৈরী করবে, যেখানে একটি কাল্পনিক চরিত্র শিশুর মতোই একই ঘটনার মধ্য দিয়ে গেছে। এখানে তার অনুভূতি, সে কার সাথে কথা বলতে চায়, কথা বলার পর তার কেমন লাগে, সেগুলো লিখবে বা বলবে। বইটি শেষ হবে শিশুর আনন্দদায়ক কথা, অনুভূতির মধ্যে।

চিত্তার বাক্স

বয়স: ৫/পাঁচ থেকে ১২/বারো বছর

লক্ষ্য

শিশু কিভাবে ভয়, উদ্বেগতা অনুভূতিগুলোকে কমাতে পারে সেই উদ্দেশ্যে কাজটি করা হয়। একই সাথে ভয়, উদ্বেগতা, দুঃশ্চিন্তা যে আমাদের সবার ক্ষেত্রে স্বাভাবিক অনুভূতি এগুলোকে সাথে নিয়ে-ই প্রতিদিন চলতে হয় তা শিশুকে অনুধাবন করতে সাহায্য করা

উপকরণ/উপকরণ

টিস্যু বাক্স-র মতো দেখতে একটি বাক্স অথবা ৮ ইঞ্চি X ৮ ইঞ্চি বাক্স , আনুমানিক ১২ টি কার্ড বা ছোট কাগজ (৬ ইঞ্চি X ৬ ইঞ্চি) যা সহজে বাক্স এ রাখা যাবে।

কার্যক্রিয়া

আমাদের সবারই বিভিন্ন বিষয়ে দুঃশ্চিন্তা থাকে এবং এসব দুঃশ্চিন্তাকে পুরোপুরি বাদ দিয়ে আমরা চলতে পারিনা, এগুলো আমাদের জীবনেরই অংশ এসব বিষয় নিয়ে থেরাপিস্ট শিশুর সাথে কথা বলবে।

শিশু তার ইচ্ছামতো বাক্সটি সাজাতে পারবে এবং তার যেখানে খুশি বাক্সটি রাখতে পারবে , তবে শিশু যেন বাক্সটি তার থেকে কিছুটা দূরে রাখে, কোনো কিছুর আড়ালে রাখে বা অন্য ঘরে রাখে যাতে তার মনে না হয় যে সে সবসময় তার দুঃশ্চিন্তা গুলো সাথে নিয়ে ঘুরছে। পরিবারের বড়রা যেসব বিষয় নিয়ে দুঃশ্চিন্তা করে ছোট শিশুরাও সেগুলো নিয়ে দুঃশ্চিন্তা করতে পারে যেমন : তার ছোট ভাই বা বোনটি খুব চঞ্চল বা শারীরিকভাবে অসুস্থ। প্রতিদিন-ই শিশু কাগজে লিখবে তার কোন জিনিস/ বিষয়/ মানুষ নিয়ে দুঃশ্চিন্তা হয়, যা নিয়ে-ই তার দুঃশ্চিন্তা হবে তা সে ছোট কার্ড বা কাগজে লিখবে, শিশুর প্রতিদিনের দুঃশ্চিন্তা কাগজে লেখা হয়ে গেলে সে সেটা বাক্সটিতে রেখে সেটা তার অভিভাবককেও দিতে পারে বা নিজেও দূরে সরিয়ে রাখতে পারে। অভিভাবককে দিলে শিশু উপলব্ধি করতে পারবে যে তার দুঃশ্চিন্তাটা অভিভাবক সমাধান করবে কিন্তু শিশু যদি ভাবে বিষয়টা সে বড়দের জানাতে চায়না এ ক্ষেত্রে সে নিজে নিরাপদ স্থানে রাখতে পারে।

এরপর শিশু যখন দুঃশ্চিন্তার বাক্সটি নিয়ে থেরাপিস্ট বা অভিভাবকের সাথে কাজ করতে বসবে তখন ১টা দুঃশ্চিন্তার কার্ড বের করবে এবং একটা কাগজে কথাটা লিখবে তারপর সে চিন্তা করে ইতিবাচকভাবে লিখবে কি কি কারণে তার এইসব বিষয়গুলো নিয়ে দুঃশ্চিন্তা না করলেও চলে অথবা সে কোন কোন কাজ করলে তার দুঃশ্চিন্তার বিষয়টি সে সমাধান করতে পারবে, সমাধানে সে কার কার সাহায্য নিতে পারে। কাজটি শেষ হলে শিশু বাক্সটি স্কেটেপ বা রিবন দিয়ে আটকে রাখতে পারে, সবশেষে শিশু যে স্থানে বাক্সটি রাখতে চেয়েছে সেখানে রাখতে পারে, চাইলে তার অভিভাবকের কাছেও দিতে পারে, কিন্তু শিশুকে নিশ্চিত করতে হবে বাক্সটি নিরাপদ আছে তার নির্বাচিত জায়গাতে।

অনেক শিশু বাক্সটি থেরাপিস্টের কাছে রেখে যেতে চায়, থেরাপিস্ট যদি মনে করে সে পরবর্তী সেশনে শিশুর সাথে জিনিসগুলো নিয়ে কাজ করবে সেক্ষেত্রে বাক্সটি রাখতে পারে কিন্তু শিশু যদি প্রতিদিন-ই নতুন নতুন বিষয়ে দুঃশ্চিন্তাগ্রস্ত হয় সেক্ষেত্রে বাক্সটি শিশুর কাছে থাকা ভালো।

ব্যতিক্রম

শিশু কিভাবে নিশ্চিন্তে ঘুমাতে পারে / নিশ্চিন্তে ঘুমানো

অনেক শিশুদের ক্ষেত্রে দেখা যায় তারা বিভিন্ন দুঃশ্চিন্তার কারণে রাতে ঘুমাতে পারে না সে ক্ষেত্রে অভিভাবক প্রতিদিন রাতে ঘুমানোর আগে কোন সমস্যাগুলো নিয়ে শিশু দুঃশ্চিন্তাগ্রস্ত তা নিয়ে কথা বলবে, সেগুলো কাগজে লিখতে সাহায্য করবে এবং বাস্তবিকভাবে নিরাপদে রাখবে, এক্ষেত্রে শিশু যেন জিনিসটি অনুধাবন করতে পারে যে তার দুঃশ্চিন্তার বিষয়টি তারই নির্বাচিত জায়গায়ই ঠিকভাবে রাখা আছে, সে শুধুমাত্র সমস্যাটাকে তার থেকে দূরে সরিয়ে রেখে ঘুমাতে যাচ্ছে, সে চাইলে সকালে সেটা আবার দেখতে পারবে। এরপর অভিভাবক শিশুর সাথে ভালো/সুন্দর কিছু কথা আলোচনা করবে এবং শিশুকে ৩টা ইতিবাচক কথা ঠিক করতে বলবে যা নিয়ে শিশু সকালে আলোচনা করবে।

আমার কাজের তালিকা

বয়স: ছয় বছর এবং তদূর্ধ্ব

লক্ষ্য

যেসব শিশুরা তাদের প্রতিদিনের কোনো-না-কোনো কাজ বা খেলা বা বেড়াতে যাওয়া নিয়ে দুশ্চিন্তায় ভোগে তাদের বুঝতে সাহায্য করা কখন কি হচ্ছে, কিভাবে বিভিন্ন কাজের জন্য নিজেকে প্রস্তুত রাখতে হবে এবং সে কিভাবে তার সমস্যা নির্দিষ্ট করে পরিবারের কারো সাথে সেটা নিয়ে আলোচনা করে সমাধান করতে পারে।

উপকরণ

১ সাইজের কিছু কাগজ (কতগুলো কাগজ লাগবে তা নির্ভর করবে শিশু কত দিন পর্যন্ত ঘটনাগুলো লিপিবদ্ধ করবে তার উপর)

২ আঠালো কাগজ অথবা আঠা

৩ দাগ টানার জন্য স্কেল

৪ রঙিন কলম বা কলম

৫ আঠা লাগানো লেবেল (তারা অথবা হাসি মুখের)



কার্যপদ্ধতি

সাইজের কাগজের উপরের ৫ /পাঁচ সেন্টিমিটার জায়গায় শিশু তার নিজের একটা হাসিখুশি মুখ আঁকবে চাইলে হাসিমুখের স্টিকারও লাগাতে পারে। এরপর কাগজের বা দিকে ১ /এক সেন্টিমিটার জায়গা খালি রেখে উপর থেকে নিচ বরাবর একটা লম্বা দাগ টানবে। বাঁদিকের অংশে তারিখ এবং দিন লিখবে তার বরাবর ডানদিকে ওই দিন ঘটে যাওয়া বা ঘটবে এমন ঘটনা লিখবে, চাইলে ঘটনাগুলো দাগ দিয়ে আলাদা আলাদা করতে পারে। শিশু চাইলে সেশন যেই তারিখে হচ্ছে তার আগের সপ্তাহ বা তার আগের সপ্তাহ থেকে শুরু করতে পারে, থেরাপিস্ট তাকে অল্প প্রশ্ন করে সাহায্য করতে পারে যে কি ঘটেছিলো তারিখে শনিবারে। উদাহরণস্বরূপ চলমান সপ্তাহটা বর্ণনা করা যেতে পারে যে গত হয়ে যাওয়া দিনগুলোতে শিশুর সাথে কোন কোন ঘটনা ঘটেছে বা তার পছন্দের কোন ঘটনা ঘটেছে, সে কোথায় কোথায় ঘুরে মজা পেয়েছে বা ক বন্ধুদের সাথে খেলা করে তার আনন্দ লেগেছে এবং আগামী দিনগুলোতে কি কি ঘটতে যাচ্ছে সেগুলো তার পছন্দের হতে পারে আবার অপছন্দের হতে পারে, যেমন আগামী বৃহস্পতিবার তার অঙ্ক পরীক্ষা যা সে পছন্দ করে না, শুক্রবার তাদের বাসায় তার চাচাতো বোন বেড়াতে আস্তে জেক সে খুব পছন্দ করে এমন সব ঘটনাই সে উল্লেখ করতে পারে। বাসায় তার অভিভাবক যেন তাকে সাহায্য করে তালিকাটি পূর্ণাঙ্গ ভাবে করতে সেজন্য সেশনে উপস্থিত শিশুর অভিভাবককেও জিনিসটি বুঝিয়ে দিতে হবে, শিশু যত খুশি কাগজ ব্যবহার করতে পারবে উপরে কাগজের নিচে এক্ষেত্রে চাইলে শিশু একটা খাতাও ব্যবহার করতে পারে যার উপরের পৃষ্ঠায় সে তার নিজের হাসি মুখের ছবি আঁকবে আর পরের পৃষ্ঠাগুলোতে তার কাজের তালিকা তৈরী করবে। খেয়াল রাখতে হবে কাগজগুলো বা খাতাটা শিশু যেন তার সবার ঘরের দরজার পিছনে টানিয়ে রাখতে পারে এবং বর্তমান সপ্তাহটা উপরে থাকে। প্রতিটা ঘটনাটা যেন পর্যাপ্ত জায়গা খালি থাকে যেন শিশু চাইলেই আরো বিস্তারিত লিখতে পারে।

অভিভাবক যেন প্রতিদিন-ই কাজের তালিকাটা নিয়ে একবার অন্তত শিশুর সাথে কথা বলে। শিশু তার পছন্দের কাজগুলোতে হয়তো তারার চিহ্ন দিতে পছন্দ করবে আর যে কাজগুলো নিয়ে সে অভিভাবক বা থেরাপিস্টের সাথে কথা বলতে চায় সেগুলোতে " " চিহ্ন দিয়ে রাখবে, এই ঘটনাগুলো হলো যেগুলোতে সে উদ্দিগ্ন হয়, যেগুলো সে সমস্যা মনে করে, যে ঘটনা, খেলা, মানুষ, জিনিস তাকে অস্থির করে। এগুলো নিয়ে শিশু কথা বলবে যে সে কিভাবে সমস্যা সমাধান করতে পারে, কোনো বা কি কি কারণে এগুলোতে সে উদ্দিগ্ন হচ্ছে, এসব জিনিস কিভাবে তাকে অস্থির করছে এবং কি কি করলে তার ভালো লাগবে, কি কি করলে আস্তে আস্তে সে সমস্যাটা সমাধান করতে পারবে। এক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে অভিভাবক যেন " " চিহ্নিত কাজগুলো নিয়ে শিশুর সাথে যথেষ্ট সময় নিয়ে বিস্তারিত আলোচনা করে, একদিনে বা একবারে আলোচনা করে শিশুর উদ্দিগ্নতা দূর না হলে বারবার আলোচনা করতে হবে শিশু বেশি অস্থির হয়ে পরলে তাকে রিলাক্সেশন বা শিথিলায়ন অনুশীলন করাতে হবে তারপর আবারো ওই ঘটনাটি নিয়ে আলোচনা করতে হবে, যখন শিশু বলবে যে ঘটতে যাওয়া আগামী " " চিহ্নিত ঘটনাটি নিয়ে তার আর কোনো দুশ্চিন্তা হচ্ছে না, সে আর উদ্দিগ্ন নয় তখন শিশুকে উৎসাহিত করতে হবে যেন সে ওখানে একটা তারার চিহ্ন সেটে/লাগিয়ে দেয়।

ব্যতিক্রম ক্ষেত্রে

সুখের পরিকল্পনাকারী

সেশনের মূল উদ্দেশ্য পূরণের লক্ষ্যে যারা বেশি হতাশাগ্রস্ত কিশোর-কিশোরী তাদের ক্ষেত্রে প্রতি সপ্তাহের জন্য আলাদা আলাদা পরিকল্পনা করা ভালো এক্ষেত্রে সে যেন প্রতিদিন অন্তত একটা এমন কাজ লিপিবদ্ধ করে যেটা করতে তার খুব বেশি ভালো লাগবে এতে করে সে কাজ করতে উৎসাহিতবোধ করবে এবং কাজের প্রতি তার আগ্রহ বাড়বে। থেরাপিস্ট বা অভিভাবক এই কাজে তাকে সাহায্য করতে পারে। সেশনে বসেই সে তার পছন্দের কাজগুলোর একটা তালিকা করবে, কাজগুলো খুব বোরো গুরুত্বপূর্ণ হতে হবে এমন নয় বরং মজার, আনন্দদায়ক কাজ যেগুলো করতে সে পছন্দ করে এবং উৎসাহবোধ করে, খুব হালকা কাজ হতে পারে যেমন পছন্দের বই পড়া, লিপস্টিক কেনা, গাছে পানি দেয়া বা গাছের পাশে বসে থাকা, পছন্দের ম্যাগাজিন কেনা বা পেপার কেটে বুক বানানো, কমিক্স পড়া, এধরণের যে কোনো কাজ যা তাকে আনন্দিত করে। থেরাপিস্টের কাজ হয়ে কিশোর বা কিশোরীটিকে উৎসাহিত করা যাতে সে শুধু বাস্তব পূরণ করার জন্যই কাজগুলো না লাখে সে যেন আনন্দ নিয়ে কাজগুলো করে এবং মজা পায়, বাসায় তার অভিভাবকের দায়িত্ব থাকবে যেন সেও কাজগুলো তার সাথে করার চেষ্টা করে বা তাকে উৎসাহ দেয়।

অনুভূতির পরিমাপক

বয়স : ছয় বছর এবং তদূর্ধ্ব

লক্ষ্য

শিশু তার জীবনে বিভিন্ন সম্ভাব্য যেসব সমস্যার মুখোমুখি হতে পারে সেগুলোতে তার নিজের সম্পর্কে তার ধারণা কেমন তা যাচাই করা। শিশু তার মনের অবস্থা যেন সংখ্যার স্কেল-র মাধ্যমে সহজেই দেখতে পারে। এই স্কেলটা থেরাপি প্রক্রিয়ার যেকোনো পর্যায় ব্যবহার করা যেতে পারে শিশুর থেরাপিতে কেমন উন্নতি হচ্ছে তা দেখে বুঝার জন্য।

উপাদান

১. কাগজ

২. স্কেল (ওয়াকর্কশীট তৈরির জন্য)

৩ কলম

কার্যপ্রক্রিয়া

একটা সাদা কাগজে নিচের ছকের মতো আঁকতে হবে –

নাম তারিখ

গত সপ্তাহে আমার অনুভূতি কেমন ছিল/আমি গতসপ্তাহে কেমন অনুভব করেছি

অনুভূতি	একদম-ই না		অনেক বেশি				
	০	১	২	৩	৪	৫	৬
আনন্দ /খুশি							
চিন্তিত							
বন্ধুত্বাপন্ন							
অস্থির							
প্রাণশক্তিতে ভরপুর							
মেজাজ খারাপ							
চিন্তাহীন /নিশ্চিন্ত							
ভীত							
দুর্গন্ধিত							
মজার							
অলস							

পৃষ্ঠার বা দিকে অনুভূতির নাম আর ডানদিকের ঘরগুলোতে ০ থেকে ৬ পর্যন্ত সংখ্যা লিখতে হবে, "০" সংখ্যাটি নির্দেশ করবে শিশু অনুভূতিটি গত একসপ্তাহে একদম-ই অনুভব করেনি আর "৬" সর্বোচ্চ মান যার অর্থ হলো শিশুর অনুভূতিটি অনেক তীব্র ছিল, একটি সেশনে দশটির বেশি অনুভূতি নিয়ে কাজ না করাই ভালো, থেরাপিস্টের লক্ষ্য রাখতে হবে যে শিশুর অভিভাবক যে সব অনুভূতিগুলো নিয়ে চিন্তিত এবং প্রথম সেশনে শিশুর মধ্যে থেরাপিস্ট যে অনুভূতিগুলো দেখবে সেগুলো যেন অনুভূতির তালিকাতে অবশ্যই থাকে, যেমন বাবা-মা যদি বলে শিশুর মধ্যে রাগ বেশি, বাসায় সে দ্রুত রেগে যায়, রেগে গিয়ে অন্যদের আঘাত করে, জিনিস ভাঙে তাহলে

অনুভূতির তালিকাতে অবশ্যই যেন রাগ অনুভূতিটি থাকে এবং শিশুকে ভালো করে বুঝাতে হবে এখানে "০" মানে হলো একদম রাগ নেই আর "৬" মানে হলো রাগের পরিমাণ সর্বোচ্চ বেশি, এক্ষেত্রে কাজের জন্য থেরাপিস্ট অনুভূতির নামগুলো না লিখে শুধু সংখ্যা আর অন্য তথ্যগুলো লিখে রাখবে, অনুভূতির নামগুলো সে শিশুর সাথে কাজ করার সময় লিখবে, শিশু তার অনুভূতিগুলোর যে মাত্রা প্রথম সেশনে চিহ্নিত করবে সেটার একটা কপি করে রাখতে হবে যাতে শিশুর সাথে কাজ করার পর তার অনুভূতিগুলো কেমন হলো বা মাত্রা কেমন হলো তা পরের সেশনে আবার শিশু চিহ্নিত করতে পারে। শিশুকে ভালোভাবে বুঝিয়ে বলতে হবে যে সে যেই অনুভূতি যতটুকু অনুভব করে সে যেন তা সঠিকভাবে চিহ্নিত করতে পারে এবং একটা অনুভূতি সে কেন অনুভব করে, অনুভব করার সময় তার মধ্যে কি কি পরিবর্তন হয়, কতক্ষণ বা কতদিন তা শিশুর মধ্যে থাকে এগুলো নিয়েও শিশুর সাথে পরিষ্কারভাবে কথা বলতে হবে।

ব্যতিক্রম

অনুভূতির মুখের ছবি

ছোট শিশুদের ক্ষেত্রে কম সংখ্যক অনুভূতি নিয়ে কাজ করতে হবে এবং তাদের ক্ষেত্রে সংখ্যার তুলনায় অনুভূতিগুলো প্রকাশের সময় মুখের ছবি কেমন হয় সেটা আঁকলে তাদের জন্য বুঝতে সহজ হবে। এক্ষেত্রে পাঁচ বা তিন পয়েন্টের স্কেল-এ কাজ করলে সুবিধাজনক হবে, এক্ষেত্রে অনেক দুঃখী মুখের ছবি, স্বাভাবিক মুখের ছবি এবং অনেক খুশি মুখের ছবি একে কাজটা করা যেতে পারে।



আদুরে ভালুক

বয়স: ছয় থেকে দশ বছর

লক্ষ্য

শিশুকে বুঝতে সাহায্য করা উত্তেজনা, উদ্বেগ এবং আরাম, বিশ্রাম করা এসব অনুভূতিগুলোর মধ্যে পার্থক্য কি, এধরণের অনুভূতিগুলোর সময় শারীরিক কি কি পরিবর্তন হয়। শিশু কিভাবে তার উত্তেজিত অবস্থা থেকে নিজেকে ধীরে ধীরে শান্ত করতে পারে সেটাও শিশুকে সরাসরি মডেলিং-র মাধ্যমে সহজে দেখানোও এই কাজটির উদ্দেশ্য।

উপকরণ

1. A4 সাইজের কাগজ
2. প্রজেক্ট ফোল্ডার
3. পাঞ্চ ফাইল
4. রঙ্গিণ্ড কলম
5. কাপড় বা তুলার নরম তুলতুলে ভালুক বা পুতুল (যদি সম্ভব হয়)



কার্যপ্রক্রিয়া

থেরাপিস্ট শিশুকে প্রথমেই বুঝাবে এই সেশনে তাকে শেখানো হবে সে কিভাবে নিজেকে শান্ত করতে পারে এবং পুরো প্রক্রিয়াটিকে একটি বই-র মতো বানানো হবে যা শিশুকে বাসায় কাজ করতে সাহায্য করবে। নিজেকে শান্ত করার সত্যিকারের অর্থ কি, শান্ত করলে বা আরাম দিলে কি হয় তা নিয়ে শিশুর সাথে কথা বলবে থেরাপিস্ট এবং যত সহজে শিশুকে বুঝানো যায় সেভাবেই তাকে বুঝানো হবে। প্রথম পৃষ্ঠাটা মূলত রিলাক্সেশন বা শান্ত হওয়ার প্রক্রিয়া নিয়ে-ই হবে। বইটির বাকি অংশে থাকবে শিশু বাসায় আরো কি কি অনুশীলন করতে পারে সেগুলোর বিস্তারিত বর্ণনা।

অনুশীলনের জন্য প্রস্তুতি

তুলতুলে নরম যে পুতুলটি আমাদের কাছে থাকবে আমরা সেটি নিয়ে শিশুর সাথে কথা বলা শুরু করবো, যদি বাস্তব কোনো পুতুল না থাকে তবে নিজেরাও অভিনয় করে দেখাতে পারবো। ধীরেসুস্থে পুতুলটাকে নাড়াবো এবং শিশুকে দেখাবো এটা কত টিলেঢালা ভাবে আরামে বসে আছে। শিশু একটা কাগজে পুতুলটি আঁকবে, কাগজের উপরে লিখবে "একটা শান্ত পুতুল" এবং তার চারপাশে তার বয়স উপযোগী বিভিন্ন বিশেষণ/বিশেষায়িত শব্দ / পুতুলটাকে দেখে তার শান্ত, টিলেঢালা, আয়েশি জাতীয় যে শব্দগুলো মনে পরবে সে সেগুলো লিখবে। যেভাবেই কাজটি শিশুকে দেখানো হোক না কোনো শিশু যেন অবশ্যই পুতুলের ছবি আঁকে।

অনুশীলনের ফাইল

মনেকরি শিশুর নাম আরাভ তা হলে প্রথম পৃষ্ঠায় লিখতে হবে " আদুরে ভালুকের মতো আরাম করছে আরাভ", শিশু চাইলে শিরোনামটা রঙিন কলমেও লিখতে পারে বা পরেও রং করতে পারে। প্রস্তুতির কাগজটা এবং অন্য কাগজগুলো শিরোনামের কাগজের পর ফাইল-এ রাখতে হবে। এরপর শিশুকে রিলাক্স করার নির্দেশনাগুলো শিশুর বয়স অনুযায়ী শব্দ ব্যবহার করে যতটা সম্ভব সহজভাবে লিখতে হবে।

শিশুর উত্তেজিত অবস্থাকে শান্ত করার জন্য এখানে মূলত শিশুকে "প্রগ্রিসিভ মাসল রিলাক্সেশন " নামে পরিচিত প্রক্রিয়াটি শিখানো হবে। এই পদ্ধতিটিতে শিশু শিখবে তার শরীরের বিভিন্ন অঙ্গ কিভাবে ধীরে ধীরে শিথিল বা রিলাক্স করতে হয়।

একসাথে পুরো প্রক্রিয়াটি না শিখিয়ে শিশুকে শরীরের একটি একটি অঙ্গ নিয়ে কাজ শিখাতে হবে না হলে একবারে পুরো কাজটি করলে শিশুর জন্য তা জটিল হয়ে যাবে। প্রথমে শিশুকে শিখাতে হবে কিছুটা উত্তেজিত হলে বা টেনশন হলে আমাদের শরীরের মাসল বা বিভিন্ন অঙ্গ কিভাবে শক্ত হয়ে যায়, এক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে শিশু যেন এত শক্ত না করে ফেলে যে সে তার অংশে ব্যথা পাবে তাই শিশুর সাথে থেরাপিস্টও পুরো প্রক্রিয়াটি সেশন-এ অনুশীলন করবে, শিশুকে উৎসাহিত করতে হবে একটা ঘটনা মনে করতে যে সময় তার কিছু নিয়ে টেনশন হয়েছিল বা সে উত্তেজিত হয়ে পড়েছিল এবং তখন তার কোন মাসল বা অঙ্গ কেমন শক্ত হয়ে গিয়েছিলো, সেটা মনে করার পর তার মাসল বা অঙ্গ কেমন শক্ত হয়ে যায় তা শিশু যেন অনুভব করতে পারে সে জন্য থেরাপিস্ট নিজে অভিনয় করে দেখতে পারে বা পুতুলটা দিয়েও অভিনয়ে দেখতে পারে, সেশন-এ শিশু যদি পরিষ্কারভাবে সব না বুঝতে পায়ে সে ক্ষেত্রে বাসায় অনুশীলন করা তার জন্য কঠিন হয়ে যাবে, এরপর শিশুকে শরীরের বিভিন্ন অঙ্গ কিভাবে ধীরে ধীরে শিথিল বা রিলাক্স করতে হবে তা শিখানো হবে নিচের নির্দেশনা অনুযায়ী - এক্ষেত্রে শিশুর বয়স, আর্থ-সামাজিক অবস্থা, ভাষা সব কিছু বিবেচনা করে শব্দ পরিবর্তন করা যেতে পারে। মনে করি শিশুর নাম আরাভ তাহলে থেরাপিস্ট যেভাবে স্ক্রিপ্ট বা নির্দেশনাগুলো লিখবে -

আদুরে ভালুকের মতো আরাম করছে আরাভ

প্রথমে তুমি হুঁটা কুচকাও, মনে করো তোমার নাকে বাজে গন্ধ লাগছে দ্যাখো আমি কিভাবে আমার পুরো মুখ, হ্র, নাক, ঠোঁট কুঁচকে ফেলেছি, এভাবেই রাখো একটু সময় তারপর ধীরে ধীরে বুড়ো ভালুকের মতো আমরা আমাদের হ্র, নাক ঠোঁট মুখ শিথিল করি, মুখে যেন খুব আরাম বোধ করছি, মুখটাকে একদম রিলাক্স করে দেই।

এরপর দুই কাঁধ শক্ত করে উপরের দিকে তুলি যেন আমাদের কানটাকে স্পর্শ করতে পারে কিছুসময় এভাবে রেখে তারপর ধীরে ধীরে কাঁধের মাংসপেশি নরম করে শিথিল করি নিচে নামাতে থাকি, বুড়ো ভালুকের মতো আরাম করে বসি।

এবার আমরা আমাদের হাতগুলোকে রেসলিংয়ের মানুষদের মতো শক্ত করি, যেন হাতের মাংসপেশিগুলো শক্ত হয়ে যায়, কিছুক্ষন (১ থেকে ১০ পর্যন্ত গুনতে থাকি) এমন শক্ত রেখে তারপর ধীরে ধীরে নরম করি, বুড়ো ভালুকের মতো যেন কাধটা নেমে থাকে।

এরপর লম্বা একটা নিঃশ্বাস নেই তা বৃকে শক্ত করে ধরে রাখি ১০ সেকেন্ডের মতো শিশু যদি এত সময় না পারে তবে আরো কম সময় নিঃশ্বাস আটকে রাখবে কিন্তু বৃক শক্ত করে রাখবে খেয়াল রাখতে হবে সে যেন ব্যথা না পায়, তারপর ধীরে ধীরে নিঃশ্বাস ছাড়বে এবং বৃকটাকে নরম করবে, সতর্কতা স্বরূপ এসময় থেরাপিস্ট শিশুর বৃকে যেন হাত না দেয় বা শিশুও যেন থেরাপিস্টের বৃকে হাত না দেয় এত ছেলে-মেয়ে দুই ক্ষেত্রেই প্রযোজ্য।


এরপর শিশু তার পেটটা শক্ত করবে কিছুসময় সেভাবে রেখে ধীরে ধীরে তা নরম করবে।

এরপর শিশু তার পাগুলো টানটান করে সামনে বাড়িয়ে দিবে যতক্ষণ না সেগুলো শক্ত হয়ে যায় যখন শিশু বলবে পাগুলো শক্ত লাগছে, এটা দেখেও বুঝা যাবে কারণ গোড়ালির দিকের পেশিগুলো শক্ত দেখাবে তখন ১০ সেকেন্ডের মতো সেভাবে রেখে তারপর আদুরে ভালুকের মতো সেগুলো নরম করে ফেলবে শিশু।

উপরের নির্দেশনাগুলো প্রথমে শিশুকে পড়ে শুনতে হবে এক্ষেত্রে শিশু চাইলে শব্দ পরিবর্তন করতে পারে তারপর শিশু তা থেরাপিস্টের সাথে অনুশীলন করে শিখবে কিভাবে নিজের বিভিন্ন অঙ্গ শিথিল করতে হয়। শিশু চাইলে সেশনেই তার মা/বাবা/ভাই/বোন যে তার সাথে উপস্থিত থাকবে তার সাথে পুরোটা একবার অনুশীলন করতে পারে বাড়িতে কাজটি নিয়ে যাওয়ার আগে।

শিশু কাজটি বাসায় কিভাবে করছে তা থেরাপিস্ট যেন অবশ্যই পরবর্তী সেশনে জিজ্ঞাসা করে। শিশুর বয়স যদি একটু বেশি হয় সে ক্ষেত্রে শিশু ১ থেকে ১০ র মধ্যে মার্কিং করবে যে সে রিলাক্সেশন করার আগে কেমন বোধ করছে আর রিলাক্সেশন করার পর কেমন বোধ করছে। নিচে স্কেল একে দেখানো হলো -

মনে করি আরাভ বয়স ১১ বছর, সে টিভি দেখতে চাচ্ছে কিন্তু তার ছোট বোন কার্টুন দেখছে বলে সে তার পছন্দের অনুষ্ঠান দেখতে পাচ্ছে না সে ক্ষেত্রে তার রাগ হচ্ছে ,এসময় সে রিলাক্সেশন করে তার উত্তেজনা কমাতে চাচ্ছে তাহলে সে একটা কাগজে সমান একটা লাইন টানবে ১ থেকে ১০ পর্যন্ত লিখবে এবং চিহ্নিত করবে রিলাক্সেশন করার আগে কেমন বোধ করছে আর রিলাক্সেশন করার পর কেমন বোধ করছে।



সুন্দর বনের মধ্যে দিয়ে যাই

বয়স: ছয় এবং তদূর্ধ্ব

লক্ষ্য

শিশু মনে মনে একটা দৃশ্য কল্পনা করে কিভাবে নিজেকে রিলাক্স বা শিথিল করতে পারে তা শেখানো, সেশনের মধ্যে বা ২টা সেশনের মাঝখানে সে যখন বাসায় থাকবে তখন কিভাবে রেকর্ডিং করা রিলাক্সেশন পদ্ধতি ব্যবহার করতে পারে তা শিশুকে শেখানোই এই কাজটির উদ্দেশ্য। এই কাজটির জন্য শিশুকে প্রস্তুত করতে ১টার/একটার বেশি সেশন লাগতে পারে।

উপকরণ

১. কাগজ ও কলম

২. মাইক্রোফোনসহ টেপ রেকর্ডার এবং ত্রিশ মিনিটের টেপ অথবা মোবাইল রেকর্ডার যেখানে একাধারে ত্রিশ মিনিট রেকর্ড করতে পারা যাবে। (ছোট শিশুদের ক্ষেত্রে পনেরো থেকে বিশ মিনিট কাজটি করা যেতে পারে তবে শিশুর মনোযোগ ধরে রাখার উপরে নির্ভর করবে রেকর্ডটি কতক্ষণ হবে)।

কার্যপ্রক্রিয়া

শিশুর সাথে তার পছন্দের জায়গা নিয়ে কথা বলা দিয়ে সেশনটা শুরু হবে, শিশু কোন জায়গায় গেলে সবচাইতে বেশি খুশি হয়, আরাম বোধ করে তা শিশুর কাছ থেকে জানতে হবে, এক্ষেত্রে শিশু যদি রোলার কোস্টার, ভয় পাওয়ার ঘরের কথা বলে এক্ষেত্রে শিশুকে বুঝিয়ে বলতে হবে যে জায়গাটা এমন হবে যেখানে গেলে খুব শান্তি শান্তি লাগবে, আরাম বোধ হবে, খুব নির্জন একটা জায়গা এক্ষেত্রে থেরাপিস্ট তার নিজের পছন্দের জায়গা সম্পর্কে কিছুটা বর্ণনা করতে পারে যাতে শিশু তার প্রিয় জায়গাটি সম্পর্কে আরো ভালোভাবে ভাবতে পারে।

মূলত এখানে থেরাপিস্টের কাজ হচ্ছে শিশুর নিজের একটা রিলাক্সেশন টেপ বানানো যা শিশু শুনে শুনে বাসায় অনুশীলন করতে পারবে, শিশুর পছন্দের জায়গার বর্ণনা টেপটাতে এমনভাবে থাকবে যাতে শিশু তা শুনে শুনে জায়গাটা কল্পনা করতে পারে এবং তার পছন্দের জিনিসগুলো ওখানে বেশি বেশি থাকে যাতে শিশু আরামবোধ করবে, তার যেসব জিনিস অপছন্দ সেগুলো শিশুর কাছ থেকে ভালোভাবে শুনতে হবে যাতে ধারাবর্ণনাতে সেরকম কোনো কিছুই না থাকে যা শিশুকে বিরক্ত করতে পারে। প্রথমে একটা গল্পের মতো লিখতে হবে যা শিশু নিজে থেরাপিস্টকে বর্ণনা করবে এক্ষেত্রে থেরাপিস্ট শিশুকে সাহায্য করবে গল্পটা যাতে অনেক সহজ সরল হয় এবং জায়গাটার বর্ণনা যত বেশি সম্ভব ওখানে থাকে যাতে শিশুর টেপটা শুনে কল্পনা করতে সহজ হয়। লেখা শেষ হলে শিশুকে কয়েকবার গল্পটা পড়ে শুনতে হবে যদি সে কোনো শব্দ জিনিস পরিবর্তন করতে চায় তা যেন রেকর্ড করার আগেই পরিবর্তন করতে পারে, যাতে গল্পটা যখন রেকর্ড করা হবে তা শিশুর পছন্দমতো হয়। রেকর্ড করার আগে অবশ্যই নিশ্চিত হতে হবে যে শিশু আরাম, শিথিল, শরীর শক্ত করা, উদ্ভিগ্ন হওয়া, বিরক্তবোধ করা জাতীয় শব্দগুলো পরিষ্কার বুঝতে পারছে। দরকার হলে একটা পুতুল ব্যবহার করেও শিশুকে জিনিসগুলো বাস্তবসম্মত ভাবে বুঝিয়ে দেয়া যায়।

গল্পটা সম্পর্কে শিশু পুরোপুরি নিশ্চিত হলে তারপর রেকর্ড করা শুরু করতে হবে ,এক্ষেত্রে শিশুর বয়স যদি বেশি হয় এবং সে সুন্দরভাবে গল্পটা পড়তে পারে তাহলে শিশু নিজেই রেকর্ড করবে আর শিশু ছোট হলে বা পড়ার আত্ম-বিশ্বাস কম হলে থেরাপিস্ট ধীরে ধীরে গল্পটা পড়ে রেকর্ড করে দিবে কিন্তু শিশুকে অবশ্যই উপস্থিত থাকতে হবে যাতে শিশু কথাগুলো উপলব্ধি করতে পারে এবং জায়গাটাতে নিজেকে কল্পনা করতে পারে। গল্পের শুরু আর শেষ একটু তাড়াতাড়ি পড়া যাবে কিন্তু মাঝের অংশটা খুব ধীরে ধীরে পড়তে হবে যাতে শিশু জায়গাটা অনুভব করতে পারে,ওখানকার গাছের পাতার শব্দ, পাখির ডাক ,ঝর্ণার শব্দ , বাতাসের ঠাণ্ডা অনুভূতি , বিভিন্ন পছন্দের প্রাণী , সেগুলোর ডাক , ফুলের স্নান, ফুলের রং এবং আরো জিনিস যেগুলো সে পছন্দ করে যেমন বন বা সাগরেরতীর।

উদাহরণস্বরূপ নিচে একটা গল্প দেয়া হলো , শিশুর বয়স পছন্দ অনুযায়ী গল্প লিখতে হবে এবং তা রেকর্ড করতে হবে ,গল্পটা যেন শিশুর জন্য মজার হয় সে যাতে শুনতে শুনতে বিরক্ত না হয় তাই গল্প কত বড়ো হবে সেদিকে খুব খেয়াল রাখতে হবে এবং গল্প লেখার সময়-ই শিশুকে জিজ্ঞাসা করে নিতে হবে সে আরো কতক্ষণ তার পছন্দের জায়গায় থাকতে চায়, শিশু যদি সারাদিন থাকতে চায় সেটাও আবার গ্রহণযোগ্য হবে না তাই সময় নির্দিষ্ট করে নেয়াও খুব গুরুত্বপূর্ণ। শিশু যদি একা বনে যেতে ভয় পায় সেক্ষেত্রে থেরাপিস্টের সাথে সে হাঁটা শুরু করতে পারে।

উদাহরণ : নয় বছরের ছোট্ট ছেলে মারুফ

পছন্দের জায়গার তালিকা: আমার ভালো লাগে সবুজ বন যেখানে অনেক বড়ো বড়ো বেশি গাছ থাকবেনা মানে গহীন অন্ধকার জঙ্গল হবে না অল্প সুন্দর সুন্দর গাছ থাকবে সূর্যের আলো থাকবে আর অনেক ফুল,পাখি,ঘাস ,ঝর্ণা,নদী থাকবে অথবা সমুদ্রের পারেও/তীরেও হতে পারে।

আমার বেশি ভালো লাগবে যদি সেখানে অনেক বেশি টিয়া পাখি, বানর থাকে।

রেকর্ডকৃত অংশ : এক্ষেত্রে থেরাপিস্ট পড়ে পড়ে রেকর্ড করে দিবে

মারুফ আমরা এখন বনে ঢুকতে যাচ্ছি , তুমি কি প্রস্তুত ? তুমি কি তোমার সবচাইতে পছন্দের আরামের শাটটা পরবে?আসো তাহলে শাটটা পরে নাও , তোমার একটা হাত তুলো এবং শাটের হাতে ঢুকাও তারপর অন্য হাতটাও ঢুকাও একটু নাড়াচাড়া দিয়ে শাটটা ঠিক করে নাও, শাটটা কি একটু আঁটসাঁট/আঁটো লাগছে না পরে আরাম পাচ্ছ ?আচ্ছা যদি আরাম লাগে তাহলে এটা পরেই চলো অবশ্য যদি খারাপ লাগে তাহলে পরিবর্তন করে নিতে পারো তোমার যা ইচ্ছা। যেহেতু এই শাটটাতে তোমার বেশি ভালো লাগছে এটি পরেই আমরা বনে যাবো। এটা তোমার একটা বিশেষ শাট তাইনা তুমি এটা খুব পছন্দও করো আবার এটাতে খুব গরম-ও লাগেনা আবার খুব নিরাপদ-ও লাগে। (এক্ষেত্রে শিশু যদি গল্পটা নিজে বলে তাহলে সে এখানে নিজের কথাগুলোই বলবে)।

(এখনকার অংশটা খুব ধীরে ধীরে পড়তে হবে)

চলো ধীরে ধীরে আমরা পাখির গান শুনতে শুনতে বনের দিকে এগিয়ে যাই , খেয়াল করো দূর থেকে টিয়া পাখিদের কিচিরমিচির , ঝর্ণার কুলকুল পানির শব্দ কানে আসছে , কতনা মিষ্টি শব্দগুলো। সূর্যের আলোটা কত উজ্জ্বল কিন্তু মাথার উপরে সাদা মেঘের ভেলাগুলো কিসুন্দর ঠাণ্ডা পরিবেশ তৈরী করেছে , হালকা বাতাস বইছে , আমাদের চুলগুলো বাতাসে উড়ছে , বনে ঢুকানোর শুরুটাই কত

সুন্দর সবুজ কচি ঘাস ,মনে হচ্ছে পায়ের নিচে একটা মখমলের কাপেট বিছানো , চলো আমরা ধীরে ধীরে বনের মধ্যে ঢুকি, দেখো কি সুন্দর সাদা খরগোশগুলো ঘাসের মধ্যে দৌড়াচ্ছে , রংবেরঙের প্রজাপতিগুলো ঘাসের উপর খেলছে আর ছোট ছোট ফুলগুলোতে ঘুরে বেড়াচ্ছে, লাল-নীল-বেগুনি কত রঙের ফুল দেখো মারুফ, ফুলগুলো একটু ধরে দেখবে, আসো ধরি দেখো ফুলের রং হাতে লেগে যাচ্ছে , চলো আমরা বনের আরো ভেতরে যাই , সাদা মাটির রাস্তাটার পাশে শুধু সবুজ ঘাস, ছোট গাছ আর কত ফুল দেখেছো , কত আনন্দ আর আরামের একটা জায়গা , কত খুশি লাগছে আমাদের মনে হচ্ছে প্রজাপতির মতো আমরাও ফুলে ফুলে নেচে বেড়াই। আমার তো নিজেকে প্রজাপতিই মনে হচ্ছে ,চলো আমরা আরেকটু সামনে আগাই দেখো সূর্য মনে হচ্ছে গাছের পাতার ফাঁকে ফাঁকে লুকোচুরি খেলছে আমাদের সাথে, কত ঠান্ডা একটা হাওয়া বইছে , দেখো গাছের উপরে কতগুলো টিয়া পাখি একসাথে গান করছে, শুনতে কত মধুর লাগছে , দেখো সামনের গাছগুলোতে একদল বানর খেলা করছে , চলো সামনের ঝর্ণার পানিতে আমরা পা ভেজাই । ঝর্ণার পানিটা কত ঠান্ডা মাছগুলো দেখো আমাদের পায়ের সাথে খেলছে ,পায়ের উপর দিয়ে ভেসে যাচ্ছে, আসো আমরা পানির সাথে একটু মাছ তুলি হাতে , দেখো হাতের মধ্যে একটা লাল রঙের মাছ ,চলো মাছটাকে আবার ঝর্ণার পানিতে ছেড়ে দেই কি সুন্দর সাঁতরাচ্ছে মাছটা। ঝর্ণার পানিতে সূর্যের আলোটা একদম স্বর্ণের মতো চিকচিক করছে , একদম মন ভালো করে দেয়া আলো। আসো আমরা আরেকটু এগিয়ে যাই সামনে দেখো মারুফ, গাছগুলোতে কাঠবিড়ালিগুলো দৌড়ে দৌড়ে খেলা করছে ,চলো আমরাও ওদের সাথে একটু খেলা করি , একটা কাঠবিড়ালি তোমার হাত বেয়ে কাঁধে উঠে গেল দেখো কি নরম ওদের লোমগুলো , আসো ওটাকে গাছে নামিয়ে দিয়ে আমরা সমুদ্রের দিকে হেটে যাই। পায়ের নিচে দেখো আর ঘাস নাই দেখেছো নরম বালু মনে হচ্ছে পা চেবে যাচ্ছে, সাগরের ঢেউয়ের শব্দগুলো কতই না মধুর, চলো আমরা একটু উষ্ণ বালুতে বসে আরাম করি , কত শান্তি শান্তি লাগছে, হালকা মৃদু বাতাস বইছে , দূরে পাখির গান আর সামনে সাগরের ঢেউয়ের শব্দ কত নীরব একটা জায়গা মনে হচ্ছে শরীর শিথিল হয়ে আসছে আরামে ,চলো আমরা এবার বনের ভিতর দিয়ে আবার আমাদের জায়গাতে ফেরত যাই। বনের ভেতর আবার প্রবেশ করি গাছগুলোকে দেখি , বানরগুলো এখন অলসভাবে আরাম করছে , পাখিগুলো অল্প অল্প কিচিরমিচির করছে , ঝর্ণার সেই কুলকুল গান বাজছে , একটু দাড়াও তোমার চারপাশের সুন্দর প্রকৃতি, গাছ, ফুল, পাখিগুলোকে দ্যাখো , কত আনন্দ এখানে , কতই না সুখ। তুমি আর কি দেখতে চাও মারুফ বনের মধ্যে (একটু বিরতি থাকবে এখানে মারুফ চাইলে মুখে বর্ণনা করতে পারে বা মনে মনেও ভাবতে পারে যা তাকে আরো আরাম দিবে সেগুলোর কথা), এই বিশেষ জায়গাতে তুমি আর কিসের শব্দ শুনতে চাও মারুফ (একটু বিরতি থাকবে এখানে মারুফ চাইলে মুখে বর্ণনা করতে পারে বা মনে মনেও ভাবতে পারে সেই শব্দের কথা যা তাকে আরো আরাম দিবে। একটু দাড়াও এখানে মারুফ অনুভব করো তোমার আশেপাশের সুন্দর প্রাণীগুলোকে তাদের চুপচাপ বসে থাকা, বাতাসের মৃদু বয়ে চলা, গাছগুলোর সবুজ রং, প্রজাপতিগুলোর খেলা করা, প্রতিটা জিনিস তোমাকে কত আনন্দিত করছে কত আরাম দিচ্ছে।

(এবার একটু দ্রুততার সাথে পড়া যাবে কিন্তু সেটা যেন মারুফকে অস্থির না করে আবার ধীরে ধীরে তাকে বাস্তবে ফিরতে সাহায্য করে)

এইবার ধীরে ধীরে আমরা সামনে আগাই যে জায়গা থেকে আমরা শুরু করেছিলাম সেখানে এসব সাদা মাটির মেঠো পথ ধরে ফিরে আসি বনের শুরুতে। তুমি তোমার বিশেষ শার্টটা খুলবে এখন , প্রথমে বোতামগুলো খুলো তারপর একটা হাত বের করো তারপর অন্যটা শরীর থেকে শার্টটা খুলে রাখো , ধীরে ধীরে গভীর নিঃশ্বাস নাও বুকের মধ্যে ধরে রাখো বনের মধ্যে যে সুন্দর অনুভূতি হয়েছিল সেগুলো ভাব অনুভব করো ধীরে ধীরে প্রশ্বাস ত্যাগ করো , বনের মধ্যে আরামের অনুভূতিগুলো তোমার সারা শরীরে তোমার চারপাশে অনুভব করো , নিজের শরীরকে শিথিল করো এবং তোমার বাস্তব জগতে তুমি ফিরে আসো।

মজার সাপলুডু খেলা

বয়স : চার বছর থেকে তদূর্ধ্ব

লক্ষ্য:

সামাজিকভাবে কোন আচরণগুলো অন্যদের কাছে গ্রহণযোগ্য এবং কোন আচরণগুলো গ্রহণযোগ্য নয় তা খুঁজে বের করার উদ্দেশ্যে শিশুর সাথে এই খেলাটি করা হয়। সামাজিক দক্ষতা ভালোভাবে অর্জনের জন্য শিশুকে উৎসাহিত করতেও এই কাজটি করা যেতে পারে, শিশুর সাথে করা সেশনগুলোতে ইতিমধ্যে করা কাজগুলোর সফলতা দেখার জন্যও কাজটি করা যায়।

উপকরণ

1. A4/A5 কাগজ অথবা ১৫ ইঞ্চি X ১৫ ইঞ্চি শক্ত কাগজ
2. রং পেন্সিল বা রঙিন কলম
3. লুডু খেলার ছক্কার ডাইস এবং গুটি
4. দাগ টানার /কাটার জন্য স্কেল (সম্ভব হলে)



কার্যপ্রক্রিয়া

সাপলুডুতে যেমন ঘর-ঘর আঁকা থাকে এখানে শিশুকে নিয়ে সাদা কাগজে তেমন করে ঘর আঁকতে হবে কিন্তু ঘরগুলোতে কোনো সংখ্যা লেখা যাবে না, ঘরগুলোর পরিমাপ হবে ১.৫ ইঞ্চি X ১.৫ ইঞ্চি বা ২ ইঞ্চি X ২ ইঞ্চি , যাতে শিশুর আচরণ গুলো স্পষ্ট করে / পরিষ্কারভাবে লেখা যায় , ৩০টার মতো চতুর্ভুজ /চারকোনা ঘর আঁকতে পারলেই যথেষ্ট। কাগজের নিচের প্রথম সারির বামদিকের প্রথম ঘরে "শুরু " লিখতে হবে এবং উপরের শেষ সারির ডানদিকের শেষ ঘরটাতে "শেষ বা বাড়ি /আমার ঘর" লিখতে হবে। শিশুকে ঘরগুলোতে সাপ এবং সিঁড়ি আঁকতে উৎসাহ দিতে হবে ,পরিষ্কার করে বুঝিয়ে বলতে হবে সে যেন একই ঘরে সাপ এবং সিঁড়ি না আঁকে অথবা যে ঘরে সাপ শেষ হলো সেখানে সিঁড়ি আঁকা শুরু না করে , সাপ-লুডুর মতো করে সিঁড়ি আর সাপ আলাদা আলাদা ঘরে হবে , প্রতিটা সিঁড়ির শুরুর ঘরে শিশুর প্রত্যাশিত আচরণগুলো লিখতে হবে ইতিবাচক শব্দে (উদাহরণস্বরূপ : বড়োদের সাথে দেখা হলে সালাম দেয়া) এবং সাপের মুখের ঘরটাতে লিখতে হবে শিশুর অপ্রত্যাশিত আচরণগুলো যেগুলো থেরাপিস্ট এবং অভিভাবক শিশুর থেকে দূর করতে চায় (যেমন : ছোট ভাইকে চিমটি কাটা)। লুডু খেলার প্রচলিত যে নিয়ম সেভাবেই এখানে খেলা হবে , থেরাপিস্ট এবং শিশু সেশনে খেলাটি করবে আর বাসায় অভিভাবক শিশুর সাথে খেলাটি করবে। ছক্কা চালার পর যে সংখ্যা উঠবে শিশু তার গুটিটি সে ঘরে নিয়ে যাবে তারপর থেরাপিস্ট একই কাজ করবে, প্রতিবারই যে কোনো একজন সিঁড়িতে উঠবে বা সাপে কেটে নিচে নামবে, শিশুকে পরিষ্কারভাবে বুঝিয়ে দিতে হবে কেন ভালো কাজের সিঁড়ি বেয়ে উপরে উঠছে, পুরস্কার পাচ্ছে আর অপ্রত্যাশিত কাজগুলোতে নিচে নেমে পিছিয়ে পড়ছে , আচরণগুলো কেন কোন ঘরে লিখা আছে সেটাও শিশুকে পরিষ্কারভাবে বুঝিয়ে বলতে হবে। উদাহরণস্বরূপ মনে করি সাইফানের বয়স ছয় বছর, সে রাগ হলে খেলনা বা অন্য জিনিস ছুড়ে ফেলে , ছোট ভাইকে আঘাত করে, চিৎকার করে। তার পছন্দের কাজ হচ্ছে বাবার পিঠে উঠে ঘোড়া খেলা , মায়ের সাথে লুকোচুরি খেলা ,বন্ধুদের সাথে খেলা করা। একটা কাগজে আমরা ৩০ টা চতুর্ভুজ ঘর আঁকি সেখানে কিছু সিঁড়ি আর সাপ আঁকি , সিঁড়ির শুরুর ঘরগুলিতে প্রত্যাশিতই আচরণ এবং শিশুর পছন্দের কাজগুলি লিখি আর সাপের মুখের ঘরগুলোতে শিশুর অপ্রত্যাশিত, রাগের আচরণগুলো লিখবো এরপর শিশুর সাথে ছক্কা নিয়ে তাকে খেলার প্রক্রিয়াটি বুঝিয়ে খেলাটি শুরু করবো।

ব্যতিক্রম

অনেক শিশু গাড়ি নিয়ে খেলতে পছন্দ করে সেক্ষেত্রে আরো বড় কাগজে বেশি করে ঘর একে সেখানে রাস্তার মতো আঁকতে হবে যেখানে রাস্তায় বাধা থাকবে, এক্সিডেন্ট বা দুর্ঘটনা হওয়ার স্থান থাকবে আবার ভালো কাজের জন্য অতিরিক্ত গাড়ি চালানোর সুযোগও থাকবে, এখানে শিশু যদি বাবাকে সাহায্য করে কোনো কাজে তবে সে ২ ঘর সামনে যেতে পারবে আবার অপ্রত্যাশিত আচরণ করলে যেমন রাগ করে জিনিস ছুড়লে দুর্ঘর্নায় পরে নিচে নেমে আসবে। এক্ষেত্রে লুডুর গুটি ব্যবহার না করে খেলনা গাড়ি ব্যবহার করতে হবে।

শিশুর পছন্দ অনুযায়ী খেলাটিকে বিভিন্নভাবে করা যেতে পারে, খেয়াল রাখতে হবে খেলার প্রধান উদ্দেশ্য যেন ঠিক থাকে এবং শিশু

যাতে নির্দেশনাগুলো পরিষ্কার বুঝতে পারে, প্রত্যাশিত এবং অপ্রত্যাশিত আচরণগুলোর বিষয়ে তার যেন পরিষ্কার ধারণা থাকে।

অন্যভাবে দেখা

বয়স : বারো বছর এবং তদূর্ধ্ব

লক্ষ্য :

শিশু তার নেতিবাচক বিভিন্ন ধারণাকে কিভাবে ইতিবাচক ধারণাতে বদলাতে পারে সেই প্রক্রিয়া শেখানো।

উপকরণ

1. পাঁচ ইঞ্চি X চার ইঞ্চি শক্ত সাদা কাগজ এবং কলম (বলপয়েন্ট)
2. কালো বা গাঢ় নীল এবং হলুদ বা রূপালি উজ্জ্বল কলম



কার্যপ্রক্রিয়া

প্রতিটি ঘটনাকে বিভিন্ন দৃষ্টিভঙ্গি থেকে কিভাবে দেখা যায়, কোনো একটা ঘটনার পেছনে অনেক ধরনের কারণ থাকতে পারে সেগুলো কিভাবে ভাবা যায় তা নিয়ে শিশুর সাথে আলোচনা করতে হবে, উদাহরণস্বরূপ তার নিজের অভিজ্ঞতার কোনো একটা ঘটনা শিশু থেরাপিস্টের সাথে অভিনয় করে দেখতে পারে সেশনে বসেই। যেমন : সে পড়া না পারলে তার গৃহশিক্ষক এবং তার বাবা-মায়ের মধ্যে কেমন আলোচনা হয়, শিক্ষক কি মনে করে বা তার কেমন লাগে ছাত্র পড়া না পারলে আর বাবা-মায়ের কেমন লাগে সন্তান পড়া শেষ না করে রাখলে। এরপর কাল্পনিক একটা ঘটনা চিন্তা করে তার পিছনে কি কি কারণ থাকতে পারে সেগুলো শিশু আলোচনা করবে যেমন টিফিনের সময় খাবার কেনার লাইনে শিশু দাঁড়িয়ে আছে পিছনে থেকে হটাৎ একটা ধাক্কা আসলো এর পিছনে কি কি কারণ থাকতে পারে শিশু তা একটা একটা করে লিখবে, শিশু যদি নেতিবাচক ধারণা পোষণ করে তাহলে লিখতে পারে অন্যরা ইচ্ছা করে তাকে ধাক্কা দিয়েছে বা মারামারি করার জন্য ধাক্কা ধাক্কা করছে সেক্ষেত্রে শিশুর সাথে আলোচনা করতে হবে আরো কি কি কারণ থাকতে পারে ইতিবাচকভাবে, এরপর শিশু ঘটনাটির ইতিবাচক আরো কিছু কারণ কাগজে লিখবে যেমন

১। সারির পিছনে কেউ পরে গেছে তাই ধাক্কা লেগেছে

২। পিছনের ছাত্ররা তাড়াহুড়া করছে তাদের বেশি ক্ষুধা লেগেছে

৩। পিছনে কেউ মাথা ঘুরে পরে গেছে

এভাবে শিশু তার নেতিবাচক ধারণাগুলো সরিয়ে একটি ঘটনাকে বিভিন্ন দিক থেকে ভাবার সুযোগ পাবে।

এরপর শিশুর সাথে তার নেতিবাচক বিভিন্ন ধারণা নিয়ে কথা বলতে হবে, সর্বোচ্চ ৬/ছয়টা থেকে ৮/আটটা ধারণা নিয়ে কাজ শুরু করতে হবে, শিশু তার প্রতিটি নেতিবাচক ধারণা আলাদা আলাদা কার্ড-এ লিখবে এবং লেখার চারপাশে কালো বা গাঢ় নীল কলম দিয়ে ছবির ফ্রেমের মতো আঁকবে, প্রতিটা কার্ডের পেছনে সেই নেতিবাচক ধারণার বিপরীত একটা ইতিবাচক ধারণা লিখবে এবং এবার প্রতিটাতে হলুদ বা রূপালি কলম দিয়ে ফ্রেম আঁকবে যার অর্থ হলো ইতিবাচক ধারণাগুলো উজ্জ্বলতার প্রতীক, প্রথমদিকে শিশুর হয়তো ইতিবাচক কথাগুলো লিখতে বেশি সাহায্য লাগবে কিন্তু চেষ্টা করতে হবে শিশু যেন একাই কাজটি বেশি বেশি করে

যাতে তার চিন্তা করতে সুবিধা হয় এবং সে নিজে ভেবে ইতিবাচক ধারণাগুলো লিখতে পারে, সময় বেশি লাগলেও তাকে উৎসাহ দিতে হবে। কাজটি করার মাধ্যমে শিশুর মধ্যে ধারণা জন্মাবে যে একটি ঘটনা শুধু একদিক থেকেই চিন্তা করা যায় না তার পিছনেও অদেখা আরো কিছু কারণ থাকতে পারে।

বাসায় কাজের জন্য শিশুকে কিছু খালি কার্ড দিয়ে দিতে হবে যাতে সে তার নেতিবাচক ধারণাগুলো লিখতে পারে এবং উল্টো দিকে ইতিবাচক ধারণা লিখে নতুনভাবে ঘটনাকে চিন্তা করতে শেখে।